

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.৪৮৪.২০১৫-২৬৮

তারিখ : ১৮ ফেব্রুয়ারি, ২০১৬

বিষয় : সিলেট জেলার নবসৃষ্ট ওসমানীনগর উপজেলা পরিষদের অস্থায়ী কার্যালয়ের ভাড়া প্রদান।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট-এর স্মারক নং-০৫.৪৬.৯১০০.০০৯.১৩.০০২.১৫-১৯; তারিখ : ১০ জানুয়ারি, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, (ক) সিলেট জেলার নবসৃষ্ট ওসমানীনগর উপজেলা পরিষদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ হতে ৬০,১২০/- (ষাট হাজার একশত বিশ) টাকা পরিশোধের পূর্বে নিম্নোক্ত তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো :

- (১) স্থানীয় সরকার বিভাগের অনুমতি ব্যতিত ব্যক্তিমালিকানাধীন ভবন ৭০,০০০/- (সত্তর হাজার) টাকায় কিভাবে অফিসের জন্য ভাড়া করা হয়েছে;
- (২) উক্ত মালিকানাধীন ভবনে কোন্ কোন্ অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে; সেসম্পর্কিত তথ্যাদি প্রেরণ;
- (৩) রাজস্ব তহবিল হতে প্রতি মাসে ৬০,১২০/- (ষাট হাজার একশত বিশ) টাকা ব্যয়ের পর চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও অন্যান্য ভাতাসহ দাপ্তরিক ব্যয়ের জন্য অর্থ অবশিষ্ট থাকবে কিনা সেসম্পর্কিত তথ্যাদি প্রেরণ;
- (৪) রাজস্ব তহবিলের হালনাগাদ স্থিতি (ব্যাংক বিবরণীসহ); এবং
- (৫) জুলাই/২০১৫ হতে বর্তমান সময় পর্যন্ত রাজস্ব তহবিল হতে কত টাকা ব্যয় করা হয়েছে সেসম্পর্কিত বিস্তারিত প্রতিবেদন প্রেরণ।

(খ) সিলেট জেলার নবসৃষ্ট ওসমানীনগর উপজেলা পরিষদের জমি অধিগ্রহণের বিষয়ে সর্বশেষ তথ্যাদি জানানোর জন্যও অনুরোধ করা হলো।

J.A.in

২৬/০২/১৬

(ড. জুলিয়া মঈন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
সিলেট

অনুলিপি :

১। উপজেলা নির্বাহী অফিসার, ওসমানীনগর, সিলেট।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।